

সিটিজেন চার্টার

যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় প্রচলিত সেবা সমূহঃ

যুব সম্প্রদায়ের প্রশিক্ষণ এবং উন্নয়নমূলক সকল কর্মকান্ড সম্পাদিত হয় যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে। দেশের যুব সম্প্রদায়কে সার্বিক উন্নয়নের স্রোতধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের সেবামূলক কার্যক্রম তৃণমূল পর্যায় পর্যন্ত বিস্তৃত করা হয়েছে। বাংলাদেশের ১৮ থেকে ৩৫ বছর বয়স্ক যুবক ও যুব মহিলাদেও যুব হিসাবে চিহ্নিত করা হয়েছে। এ গোষ্ঠির উন্নয়নকল্পে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক নানাবিধ সেবামূলক কর্মসূচী বাস্তবায়িত হচ্ছে। এ সব সেবার মধ্যে প্রশিক্ষণ এবং ঋনদান অন্যতম।

(ক) বেকার যুবদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচীঃ

(১) প্রাতিষ্ঠানিকঃ ক) আবাসিক খ) অনাবাসিক গ) অপ্রাতিষ্ঠানিক।

উল্লেখ্য যে, যুব উন্নয়ন অধিদপ্তর হতে বেকার যুবকদের আত্মকর্মসংস্থানের জন্য বিভিন্ন ট্রেড এর উপর নামমাত্র ফি এর বিনিময়ে প্রশিক্ষণ দেয়া হয়ে থাকে। তবে ভ্রাম্যমান প্রশিক্ষণ সমূহ স্থানীয় চাহিদার ভিত্তিতে বিভিন্ন ক্লাব ও শিক্ষা প্রতিষ্ঠানের সহযোগিতায় অনুষ্ঠিত হয়ে থাকে। এ জন্য কোন ফি এর প্রয়োজন হয় না।

(খ) প্রশিক্ষিত যুবদের আত্মকর্মসংস্থান ও দারিদ্র বিমোচন যুব ঋণ কর্মসূচীঃ-

* একক ভিত্তিক ঋণ প্রদান-

(১) প্রাতিষ্ঠানিক ট্রেড ৬০,০০০ হাজার টাকা থেকে ১,০০,০০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণদান।

(২) অপ্রাতিষ্ঠানিক ট্রেডে ৪০,০০০ হাজার টাকা থেকে ৬০,০০০ হাজার টাকা পর্যন্ত ঋণদান।

(৩) পরিবার ভিত্তিক ঋণ ১২,০০ হাজার টাকা থেকে ২০,০০০ হাজার টাকা পর্যন্ত ঋণদান।

(গ) যুব সংগঠনের অনুদান প্রদানঃ-

বেসরকারী স্বেচ্ছাসেবী যুব সংগঠনসমূহকে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন নিমিত্তে আর্থিক অনুদান প্রদান করা হয়।

(ঘ) যুব সংগঠনের তালিকাভুক্তিকরণঃ-

দেশের উন্নয়ন প্রক্রিয়ার বেসরকারী স্বেচ্ছাসেবী যুব সংগঠনসমূহ সহযোগী ভূমিকা রাখতে সক্ষম বিধায় যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক তাদের তালিকাভুক্তিকরণ শুরু হয়েছে। জাতীয় যুব নীতিমালা ২০০৩ অনুযায়ী বেসরকারী যুব সংগঠনসমূহকে নিবন্ধীকরণ করাও শুরু হয়েছে।

(ঙ) সার্ক ইয়ুথ এ ওয়ার্ডঃ-

দক্ষিণ এশিয়া অঞ্চলে যুবদের সৃজনশীল উৎসাহব্যাঞ্জক কার্যক্রমের স্বীকৃতিস্বরূপ ১৯৯৭ সালে সার্ক ইয়ুথ এ ওয়ার্ড স্কীম চালু করা হয়। ১৯৯৭ ও ১৯৯৯ সালে ২ জনকে গোষ্ঠী উন্নয়ন কর্মকান্ডে এবং সৃষ্টিশীল আলোক চিত্রে অবদানের জন্য সার্ক ইয়ুথ এ ওয়ার্ড প্রদান করা হয়েছে।

(চ) কমন ওয়েলথ যুব পুরস্কারঃ-

যুব/যুব সংগঠকদেরকে যুব উন্নয়ন কর্মকান্ডে অবদান/যুব সংগঠনের মাধ্যমে সমাজ উন্নয়ন কর্মকান্ড, যুব মহিলাদের উন্নয়নমূলক কর্মকান্ড, কমিউনিটি ডেভেলপমেন্ট, মহিলা উন্নয়নমূলক কর্মকান্ড, আদিবাসী যুবদের উন্নয়নমূলক কর্মকান্ড, যুব সংগঠনের মাধ্যমে প্রকল্প ভিত্তিক কমিউনিটি ডেভেলপমেন্ট, উন্নয়ন ও স্বর্ণির্ভণ্ড কার্যক্রমের জন্য কমন ওয়েলথ ইয়ুথ এয়ার্ড প্রদান করা হয়।

(ছ) জাতীয় যুব পুরস্কারঃ-

যুব উন্নয়ন অধিদপ্তর হতে যে সব যুবক ও যুব মহিলা প্রশিক্ষণ ঋণ গ্রহণ করে আত্মকর্মসংস্থানে সফল হয়ে সমাজে দৃষ্টান্ত স্থাপন করতে সক্ষম হন তাদের কাজের স্বীকৃতিস্বরূপ প্রতি বছর সর্বমোট ১৬ জন সফল যুবকে জাতীয় পুরস্কার প্রদান করা হয়।

০২/০৫/২৬

মো: শাহাজ্জালাল

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

ক্ষেতলাল, জয়পুরহাট।